



বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

স্মারক নংঃ বশেমুরবিপ্রব/বিলওয়াবস/৭২৪/২০১৮/১০(২৫)

তাং ২১ শ্রাবণ ১৪২৫
০৫ আগস্ট ২০১৮

গবেষণামূলক প্রবন্ধ আহবান

বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার অ্যান্ড বাংলাদেশ স্টাডিজের উদ্যোগে গবেষণামূলক জার্নাল বাংলায় 'সমাজ ও প্রগতি' এবং ইংরেজিতে 'Society and Progress' নামে প্রকাশিত হবে। এতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম, বাংলাদেশের মুক্তিযুদ্ধ, বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ভাষা, সাহিত্য, দর্শন প্রত্নতত্ত্ব, নৃতত্ত্ব, অর্থনীতি, রাজনীতি, সমাজবিজ্ঞান, ভূগোল, সঙ্গীত, শিল্পকলা, আইন ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে লেখা প্রকাশিত হবে। 'সমাজ ও প্রগতি' এবং 'Society and Progress' এর জন্য গবেষণামূলক প্রবন্ধ আহবান করা যাচ্ছে। নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় গবেষণামূলক প্রবন্ধ পাঠানো বা জমা দেয়ার নিয়ম নিম্নরূপ।

১. কম্পিউটার কম্পোজকৃত ও কপি প্রিন্টেড পান্ডুলিপি।
২. প্রবন্ধ কম্পোজ হবে Ms word এর Sutonny MJ ফন্টে। ফন্ট সাইজ হবে ১২। লাইন স্পেস হবে ১। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Time New Roman ব্যবহৃত হবে। ফন্ট সাইজ হবে ১২। লাইন স্পেস হবে ১।
৩. প্রবন্ধ A-4 সাইজ কাগজে অনধিক ১৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
৪. বানানের ক্ষেত্রে প্রবন্ধ বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অথবা বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধানের প্রথম ভুক্তি অনুযায়ী রচিত হওয়া বাঞ্ছনীয়।
৫. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের পরিবর্তন করা যাবে না। লেখক কোনো বিশেষ বানান বৈশিষ্ট্য রক্ষায় সচেতন হলে তা অক্ষুণ্ণ রাখা হবে।
৬. তথ্যনির্দেশে লেখক বা লেখকগণের পূর্ণ নাম থাকবে। বাংলা বই ও পত্রিকার উৎস দেখানোর সময় অনুসরণীয় নীতি হলোঃ

Citation: শহিদুল্লাহ, ২০১৫:৩১
শহিদুল্লাহ ও শারমিন, ২০১৫: ৩১ (লেখক ২ জন হলে)
শহিদুল্লাহ ও অন্যান্য ২০১৫:৩১ (লেখক ৩ জন বা ততোধিক হলে)
Siddique, 1995:31
Siddique & Raihan, 1995:31 (লেখক ২ জন হলে)
Siddique & etal 1995:31 (লেখক ৩ জন বা ততোধিক হলে)

Ref:

Journal: জসিমউদ্দিন, এ.কে. এম. ২০১৫. বাংলাদেশের মুক্তিযুদ্ধে বিবিসি'র ভূমিকা. *সমাজ ও প্রগতি*, ১ (১): ৫১-৬১।
Mondol, U. 2015. Green Banking: Present Scenario in Bangladesh. *Society and Progress*, 1(1): 145-156.

Book:

আলম, মুহাম্মদ খোরশেদ. ২০১৫. বাংলাদেশের ইতিহাস. ঢাকা: প্রথমা প্রকাশ।
Khan, M. M, Raihan, A.M & Banik, K.K. 2009. From Government to Governance. The University Press Limited, Dhaka.

৭. সম্পাদক বরাবরে লেখা প্রকাশের জন্য ঠিকানা, মোবাইল ও ই-মেইল নম্বরসহ একটি আবেদন পাঠাতে হবে।
৮. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পান্ডুলিপি ফেরৎ দেয়া হয় না। প্রবন্ধ প্রকাশিত হলে লেখক তার কপি পাবেন।

ধন্যবাদ

(প্রফেসর ড. খোন্দকার নাসিরউদ্দিন)

সম্পাদক,

'সমাজ ও প্রগতি' ও Society and Progress

ও

পরিচালক

বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।



বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ


স্মারক নংঃ বশেমুরবিপ্রবি/বিলওয়াবস/৭২৪/২০১৮/১১(২৫)

তাং ২১ শ্রাবণ ১৪২৫
০৫ আগস্ট ২০১৮

‘সমাজ ও প্রগতি’ এবং ‘Society and Progress’ গবেষণা-পত্রিকা সংক্রান্ত নীতিমালা

১. বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ কর্তৃক বাংলায় ‘সমাজ ও প্রগতি’ এবং ইংরেজিতে ‘Society and Progress’ নামে দু’টি গবেষণা পত্রিকা প্রকাশিত হবে।
২. উক্ত গবেষণা পত্রিকা দু’টি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত হবে।
৩. পত্রিকা দু’টি ফ্রান্স থেকে প্রাপ্ত আইএসএসএন (International Standard Serial Number) সম্বলিত হবে।
৪. প্রবন্ধের ওপরে সর্বোচ্চ ২০০ শব্দের একটি সার সংক্ষেপ যুক্ত করতে হবে।
৫. পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ অবশ্যই গবেষণামূলক হতে হবে।
৬. পত্রিকা দু’টি ‘Peer Reviewed Journal’ রূপে প্রকাশিত হবে।
৭. Reviewe মনোনয়নের ক্ষেত্রে অবশ্যই ভিন্ন প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ বিবেচিত হবে।
৮. পত্রিকা দু’টির জন্য দু’টি আলাদা সম্পাদনা পর্ষদ থাকবে যা ইনস্টিটিউটের ইনস্টিটিউট কমিটি কর্তৃক গঠিত হবে।
৯. বছরে পত্রিকা দু’টির দু’টি করে সংখ্যা প্রকাশিত হবে।
১০. পত্রিকা প্রকাশের ব্যয়ভার ইনস্টিটিউট কমিটি বহন করবে।
১১. প্রবন্ধ প্রকাশে ইচ্ছুক প্রবন্ধকারকে প্রবন্ধের সাথে ১৫০০ টাকা (অফেরৎযোগ্য) এবং প্রবন্ধ প্রকাশযোগ্য হলে আরো ১০০০ টাকা পরিচালক, বিলওয়াবস, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ-এর হিসাব নম্বরে জমা দিতে হবে এবং জমা ভাউচার একটি সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে। হিসাব নম্বর (০২০০০০৩২১৯২৭২) অগ্রণী ব্যাংক, বশেমুরবিপ্রবি শাখা, গোপালগঞ্জ।
১২. পত্রিকা প্রকাশে সম্পাদনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ধন্যবাদ


(প্রফেসর ড. খান্দকার নাসিরউদ্দিন)

সম্পাদক,

‘সমাজ ও প্রগতি’ ও Society and Progress

ও

পরিচালক

বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।